গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ও দায়রা জজ-এর কার্যালয়
পঞ্চগড়।

ফোনঃ ০৫৬৮-৬১২০১, ৬১২৮১, ফ্যাক্স-০৫৬৮-৬১৯৩০, ইমেইলঃ djpnbd@gmail.com

আদেশ নং- ৪৪

তারিখঃ- ১০/০৩/১৪২৭ বঙ্গাব্দ
২৪/০৬/২০২০ খ্রিঃ

**আদেশ**
(পেনশন কেস নং-০২/২০২০)

পঞ্চগড় জেলা জজশীপের অধীন যুগ্ম জেলা ও দায়রা জজ আদালত এর 'অফিস সহায়ক' জনাব মোঃ সাইফুল ইসলাম-এর বয়স ৫৯ বৎসর পূর্তিতে তিনি সরকারি চাকরি হইতে বার্ধক্যজনিত অবসর গ্রহণের আবেদনপত্র দাখিল করিয়া অবসর-উত্তর ছুটি (Post Retirement Leave) এবং যাবতীয় সরকারি পাওনাদী প্রদানের আবেদন করিয়াছেন।

'অফিস সহায়ক' জনাব মোঃ সাইফুল ইসলাম এর আবেদনপত্র, চাকরি বহি, যুগ্ম জেলা জজ আদালত, পঞ্চগড়-এর গত ১৪-০৬-২০২০ খ্রিঃ/ ৩১-০২-১৪২৭ বঙ্গাব্দ তারিখের ৯৩/যুগ্ম নং স্মারক মূলে প্রেরিত চাকুরীর বৃত্তান্ত ও তাহার সহিত সংযুক্ত "জেলা এ্যাকাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার",পঞ্চগড়-এর গত ২২/০৬/২০২০ খ্রিঃ তারিখের প্রতিস্বাক্ষরিত (Counter Signed) E.L.P.C. (Expected Last Pay Certificate) ও অফিস রেকর্ড পর্যালোচনায় উল্লেখিত কর্মচারী জনাব মোঃ সাইফুল ইসলাম তৎকালীন মাননীয় জেলা জজ মহোদয়, দিনাজপুর- এর গত ০৩-০৮-১৯৮৩ খ্রিঃ তারিখের ২২(পি) আদেশ বলে নিয়োগ প্রাপ্ত হইয়া গত ০৭-০৮-১৯৮৩ খ্রিঃ তারিখে তদানিন্তন দিনাজপুর জেলার অধীন পঞ্চগড় মুন্সেফী আদালতে 'নৈশ প্রহরী' হিসেবে প্রথম কাজে যোগদান করেন। প্রশাসনিক বিকেন্দ্রীকরণের কারণে ঠাকুরগাঁও ও পঞ্চগড় পরবর্তীতে জেলায় রুপান্তরিত হয় এবং এই জেলাদ্বয় পূর্বতন দিনাজপুর জেলা হইতে আলাদা হয়। তখন মাননীয় জেলা ও দায়রা জজ, ঠাকুরগাঁও, পঞ্চগড় জেলার দায়িত্বে ছিলেন। তৎপর উক্ত কর্মকর্তা মাননীয় জেলা ও দায়রা জজ মহোদয়, ঠাকুরগাঁও- এর গত ০১-০১-১৯৮৬ খ্রিঃ তারিখের ০১ (পি) নম্বর আদেশে 'নৈশ প্রহরী' হইতে 'অফিস পিয়ন' পদে পদোন্নতি লাভ করিয়া পঞ্চগড় জেলার তেঁতুলিয়া মুন্সেফী আদালতে গত ০৫-০১-১৯৮৬ খ্রিঃ তারিখে যোগদান করেন। অতঃপর সরকার কর্তৃক পঞ্চগড় জেলায় জেলা ও দায়রা জজ নিয়োগ করা হইলে এই জেলার বিচারিক ও প্রশাসনিক কার্যক্রমের স্বাধীনভাবে অভ্যুদয় ঘটে। তৎপর হইতে তিনি অদ্যাবধি পঞ্চগড় জেলা জজশীপের বিভিন্ন অফিস ও আদালতে নিষ্ঠার সহিত কর্তব্য পালন করিয়া আসিতেছেন। দেরীতে হইলেও মাননীয় সিনিয়র জেলা ও দায়রা জজ মহোদয়, পঞ্চগড় এর গত ১৭-০৫-২০১৬ খ্রিঃ তারিখের ৩৯ নম্বর আদেশ, ১৭০/(৫)/১৬ স্মারক মতে তাঁহার চাকুরী স্থায়ীকরণ (Confirmation) করা হয়। চাকুরী বহি পর্যালোচনায় চাকুরী বিধি বিধান পরিপন্থি কোন মন্তব্য পরিলক্ষিত হয় না এবং সংশ্লিষ্ট কর্মচারীর নিকট হইতে সরকার বা রাষ্ট্রের কোন পাওনা নাই মর্মে উল্লেখ করা হয়।

উক্ত কর্মচারী উপর্যুক্ত প্রতিবেদন অনুযায়ী গত ০৭/০৮/১৯৮৩ ইং তারিখে সরকারী চাকুরীতে যোগদান করেন। তাঁহার জন্ম তারিখ গত ১৯/০৬/১৯৬১ খ্রিঃ। তদানুযায়ী গত ১৮/০৬/২০২০ খ্রিঃ তারিখে তাঁহার বয়স ৫৯ বছর পূর্ণ হইয়াছে।

ছুটির প্রাপ্যতার বিষয়ে E.L.P.C. (Expected Last Pay Certificate)-এর প্রতিবেদন অনুযায়ী উক্ত কর্মচারীর পূর্ণগড় বেতনে ০২ বছর ০৮ মাস ১০ দিন এবং অর্ধগড় বেতনে ০৩ বছর ০৬ মাস ১২ দিন অর্জিত ছুটি প্রাপ্য রহিয়াছে। অর্ধগড় বেতনে ০৩ বছর ০৬ মাস ১২ দিনের অর্জিত ছুটিকে পূর্ণগড় বেতনে রুপান্তর করিলে ০১ বছর ০৯ মাস ০৬ দিন দাঁড়ায়। সে হিসাবে পূর্ণগড় বেতনে তাঁহার মোট অর্জিত ছুটির পরিমাণ দাঁড়ায় (০২ বছর ০৮ মাস ১০ দিন + ০১ বছর ০৯ মাস ০৬ দিন)= ০৪ বছর ০৫ মাস ১৬ দিন। উক্ত কর্মচারীর পি,আর,এল ছুটি-পূর্ব মূল বেতন ১৬,২৪০/- (ষোল হাজার দুইশত চল্লিশ) টাকা মাত্র।

তাঁহার চাকুরীকাল সন্তোষজনক। তদুপরি উক্ত কর্মচারীর নিকট হইতে কোন সরকারী পাওনাদী নাই এবং তাঁহার বিরুদ্ধে কোন অডিট আপত্তি নাই। এমতাবস্থায়, সরকারি চাকরি আইন, ২০১৮ (বুধবার, নভেম্বর ১৪, ২০১৮ খ্রিঃ তারিখের গেজেটে প্রকাশিত) এর ৪৩ (১) (ক) উপ-ধারানুযায়ী তাঁহার বয়স ৫৯ বছর পূর্তিতে উক্ত আইনের ধারা ৪৭ এবং জাতীয় বেতন স্কেল ২০১৫-এর ১০ (২) (ক) উপ-বিধি মোতাবেক তাঁহাকে সরকারি চাকরি হইতে অবসর- উত্তর ছুটি (Post Retirement Leave) মঞ্জুরযোগ্য হয়। বাংলাদেশ সার্ভিস রুলস্ (পার্ট-১) এর বিধি ৭৯ এর বিধানমতে

তাঁহার বয়স ৫৯ বছর পূর্তির দিনটি অর্থাৎ গত ১৮/০৬/২০২০ খ্রিঃ তারিখটি 'অকর্ম দিবস' (Non-working day) হিসাবে গণ্য হইবে। উল্লেখ্য, উক্ত কর্মচারী বিধি মোতাবেক আবেদন দাখিল করিলেও তাঁহার চাকুরীর বৃত্তান্ত এবং E.L.P.C.(Expected Last Pay Certificate) প্রাপ্তিতে বিলম্ব ঘটায় সঠিক সময়ে এই সংক্রান্ত আদেশ জারী করা সম্ভব হয় নাই। তাই গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, জনপ্রশাসন মন্ত্রণালয়-এর গত ০২/০১/৯৩ ইং তারিখে নং-সম(বিধি-৪)পেনশন-৮(অংশ-১) ৮৭-২ নং বিজ্ঞপ্তির আলোকে পি,আর,এল-এ গমনের নির্ধারিত দিনটির পরবর্তী দিন হইতে তাঁহাকে অর্থাৎ গত ১৯/০৬/২০২০ খ্রিঃ তারিখ হইতে আগামী ১৮/০৬/২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত ভূতাপেক্ষভাবে ০১ (এক) বছর অবসর-উত্তর ছুটি (Post Retirement Leave) মন্জুর করা হইল। ইহা ছাড়াও উক্ত পাওনা ছুটির পরিবর্তে জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ১০ (২) (খ) উপবিধি অনুযায়ী তাঁহার ১৮ (আঠার) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থাৎ ১৬,২৪০ X ১৮ = ২,৯২,৩২০/- (দুই লক্ষ বিরানব্বই হাজার তিনশত কুড়ি) টাকা মাত্র (Lump Grant) হিসাবে নগদায়ন করার অনুমতি প্রদান করা হইল।

সরকারি চাকরি আইন,২০১৮-এর ৪৩ (১) (খ) উপ-ধারানুযায়ী অবসর-উত্তর ছুটি শেষ হইবার পর অর্থাৎ আগামী ১৯/০৬/২০২১ খ্রিঃ তারিখ হইতে তাঁহাকে বার্ধক্যজনিত পূর্ণ অবসরে যাইবার অনুমতি প্রদান করা হইল।

উল্লেখ্য যে, অবসর-উত্তর ছুটি ভোগ শেষে তিনি বিধি মোতাবেক আনুতোষিক ও পেনশন গ্রহণ সহ যাবতীয় সুবিধাদি প্রাপ্ত হইবেন। গত ১৮/০৬/২০২০ খ্রিঃ তারিখ অপরাহ্ণে তিনি সরকারী চাকরি হইতে অবমুক্ত হইবেন। তাঁহার বার্ধক্যজনিত অবসর গ্রহণে যাওয়ার পরবর্তী পেনশন সংক্রান্ত যাবতীয় কার্যাদি সম্পন্ন করার জন্য জেলা ও দায়রা জজ আদালত, পঞ্চগড়-এর 'বেঞ্চ সহকারী' জনাব মোঃ হাফিজুর রহমানকে 'কল্যাণ কর্মকর্তা' নিয়োগ করা হইল।

অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, প্রবিধি অনুবিভাগ, প্রবিধি শাখা-১ এর ২৭/০১/২০১৬ খ্রিঃ তারিখের অম/অবি/প্রবি-১/৩ পি-২/২০০৫ (অংশ-১)/৫ এবং ৩০/০৪/২০১৬ খ্রিঃ তারিখের সংশোধিত স্মারক মোতাবেক অবসরোত্তর ছুটি (P.R.L) শেষ হইবার পূর্বেই উক্ত আনুতোষিকের অগ্রিম (Post Dated) চেক ও পি.পি ও প্রদানের নির্দেশনা জারী করা হইল।

সংশ্লিষ্ট সকলকে অবহিত করানো হউক।

স্বাঃ/-
(মোঃ শরীফ হোসেন হায়দার)
জেলা ও দায়রা জজ
পঞ্চগড়।

স্মারক নং- জেজপ- ১৪৫(৭)/২০

তারিখঃ- ১০/০৩/১৪২৭ বঙ্গাব্দ
২৪/০৬/২০২০ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হইল:-
(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

১। বিজ্ঞ যুগ্ম জেলা ও দায়রা জজ, পঞ্চগড়।
২। বিজ্ঞ ভারপ্রাপ্ত জজ, হিসাব বিভাগ/ফোকাল পয়েন্ট, জেলা জজ আদালত, পঞ্চগড়। (ওয়েবসাইটে দেওয়ার অনুরোধসহ)।
৩। জেলা এ্যাকাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার,পঞ্চগড়।
৪। জনাব মোঃ হাফিজুর রহমান, বেঞ্চ সহকারী, জেলা ও দায়রা জজ আদালত,পঞ্চগড় (কল্যাণ কর্মকর্তা)।
৫। জনাব মো: সাইফুল ইসলাম, অফিস সহায়ক, যুগ্ম জেলা ও দায়রা জজ আদালত, পঞ্চগড়।
৬। অফিস কপি।

২৪/০৬/২০২০
(মো: শরীফ হোসেন হায়দার)
জেলা ও দায়রা জজ
পঞ্চগড়।